



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ অক্টোবর' ২০২৩ খ্রি.

বিএনপিকে মুসলিম লীগের পরিণতি ভোগ করতে হবে: মেয়ার রেজাউল

হরতাল-অবরোধের মতো জনস্বার্থ বিরোধী রাজনীতির কারণে বিএনপিকে মুসলিম লীগের পরিণতি ভোগ করতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার বিএনপির সন্তাস ও নৈরাজ্যের প্রতিবাদে ৬নং পূর্ব ঘোলশহর ওয়ার্ড আওয়ামীলীগ এর উদ্যোগে শান্তি ও উন্নয়ন সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মেয়ার বলেন, পুলিশ ও জনগণের উপর হামলার মধ্য দিয়ে বিএনপি প্রমাণ করেছে, তারা আবার সন্তাসী চরিত্রে ফিরে গেছে। আগামী নির্বাচন পর্যন্ত বিএনপি-জামায়াতকে মোকাবিলা করতে হবে। সেজন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। হরতাল-অবরোধের মতো জনস্বার্থবিরোধী রাজনীতির কারণে বিএনপিকে মুসলিম লীগের পরিণতি ভোগ করতে হবে। বিএনপিকে বলব বিদেশি অপশক্তির উক্ফনিতে কান না দিয়ে নির্বাচনে এসে নিজেদের অস্তিত্ব রক্ষা করুন। অন্যথায় বিএনপি হারিয়ে যাবে, টিকে থাকবে জনগণের দল আওয়ামী লীগ। উন্নয়নের যে জয়বাত্রা শেখ হাসিনা শুরু করেছেন তা অব্যাহত রাখতে জনগণ এক্যবন্দ।

সাবেক কাউন্সিলর সাইফুল্লিহ সাইফুর সঞ্চালনায় ও পূর্ব ঘোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মোঃ সামসূল আলমের সভাপতিত্বে শান্তি ও উন্নয়নের সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান ও মহানগর আওয়ামীলীগের কোষাধক্ষ্য আলহাজ্জ আবদুস সালাম, মহানগর সাংস্কৃতিক সম্পাদক এছাড়াও সমাবেশে আলহাজ্জ আবু তাহের। এছাড়াও সমাবেশে আর ও বক্তব্য রাখেন কাউন্সিলর আশরাফুল আলম, নূর মোস্তাফা টিনু, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা নাজিম উদ্দিন, জসিম উদ্দিন, নূর মোঃ নূর, আইয়ুব খান, অতিকুর রহমান, শহীদ সরোয়ারদী, মোজাহেরুল ইসলাম, এ্যাডঃ শাকিল, মহানগর যুবলীগু সভাপতি সাধারণ সম্পাদক, স্বেচ্ছাসেবকলীগ সভাপতি, সাধারণ সম্পাদক, ছাইলীগ সভাপতি সাধারণ সম্পাদক, যুবলীগ সহ সভাপতি নুরুল আনোয়ার, আরশাদুল আলম বাচ্চু, হাবিবুর রহমান তারেক, ইলিয়াছ উদ্দিন, ইয়াছির আরাফাত, কচি, মিনহাজুল আবেদীন সায়েম, আবদুল্লাহ আল মামুন প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮